# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪

তারিখ: ২৩ জুলাই ২০২৩
০৮ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**কর্মকর্তা পদোন্নতি নীতিমালায় ব্যাংকিং প্রফেশনাল এক্সাম (পূর্বতন ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা) পাশ বাধ্যতামূলক করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংক কর্মকর্তাদের দক্ষতা, যোগ্যতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সিনিয়র অফিসার অথবা সমতুল্য পদের পরবর্তী সকল পদে পদোন্নতির যোগ্যতার তালিকায় অন্তর্ভুক্তির জন্য দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক আয়োজিত ব্যাংকিং ডিপ্লোমা (পরিবর্তিত নাম ব্যাংকিং প্রফেশনাল এক্সাম) পাশ বাধ্যতামূলক করা হয়।

০৩। বর্তমানে ব্যাংকিং প্রফেশনাল এক্সামের পাঠ্যক্রম আধুনিক ব্যাংকিং কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে বিস্তৃত তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান অন্তর্ভুক্ত করে যুগোপযোগী করা হয়েছে। ব্যাংকারগণের এ পরিবর্তিত পাঠ্যক্রম সম্পর্কে সম্যক জ্ঞান অর্জনের জন্য নির্দিষ্ট সময়কালের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়েছে। এতদ্‌প্রেক্ষিতে, বর্তমানে সিনিয়র অফিসার অথবা সমতুল্য পদে কর্মরত কর্মকর্তাগণের পদোন্নতির ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয় হবে:

(ক) বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২৩ জারির অব্যবহিত পূর্বে নিয়োগপ্রাপ্ত অথবা পদোন্নতিপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তাগণ যে পদে কর্মরত ছিলেন তার পরবর্তী এক ধাপে পদোন্নতির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম-এ উত্তীর্ণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রাপ্ত হবেন। তবে, কর্মকর্তাগণের তৎপরবর্তী পদে পদোন্নতির ক্ষেত্রে সার্কুলারে বর্ণিত নির্দেশনা অবশ্যই পরিপালিত হতে হবে;

(খ) ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে সিনিয়র অফিসার অথবা সমতুল্য পদে অথবা উচ্চতর পদে কর্মরত কোনো কর্মকর্তা অন্য কোনো ব্যাংকে অপেক্ষাকৃত উচ্চতর পদে নিয়োগপ্রাপ্তির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম-এ উত্তীর্ণ হতে হবে। তবে বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২৩ জারির অব্যবহিত পূর্বে নিয়োগপ্রাপ্ত অথবা পদোন্নতিপ্রাপ্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা যে পদে কর্মরত ছিলেন তার অব্যবহিত পরবর্তী এক ধাপে অন্য কোনো ব্যাংকে নিয়োগের ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম-এ উত্তীর্ণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রাপ্ত হবেন। ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে এতদ্‌সংক্রান্ত নীতিমালা অনুসরণীয় হবে; এবং

(গ) বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২৩ অনুসারে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম-এ উত্তীর্ণের বাধ্যবাধকতা হতে অব্যাহতিপ্রাপ্ত বিভিন্ন বিভাগের কর্মকর্তাগণ জেনারেল ব্যাংকিং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এমন কোনো বিভাগে পদায়নের ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম-এ উত্তীর্ণ হতে হবে।

০৪। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২